



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.১২৭(অংশ-১).১৮/২২৫৫/১

তারিখ : ২৭/০৮/২০২১ খ্রি.

বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ১৮৬০/২০২০ এর আদেশ অনুসারে ঢাকা মহানগরীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের সাবেক অধ্যক্ষ জনাব হাসিনা বেগম(মূলপদ : সহকারী অধ্যাপক, অর্থনীতি, ইনডেক্স : ০১৯০৭২) এর Stop Payment প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র : (১) নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৭.২০০৯.২৯ তারিখ : ২৭.০১.২০২০ খ্রি.  
(২) নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৭.২০০৯.২৪০ তারিখ : ২৪/০৮/২০২১ খ্রি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সূত্রোক্ত ০২ নং স্মারকপত্রে মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ১৮৬০/২০২০ এর আদেশ বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ২০০৯ সালে অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করার দায়ে ঢাকা মহানগরীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের সাবেক অধ্যক্ষ জনাব হাসিনা বেগম(মূলপদ : সহকারী অধ্যাপক, অর্থনীতি, ইনডেক্স : ০১৯০৭২) এর এম.পি.ও মন্ত্রণালয়ের গত ২৭/০১/২০২০ খ্রি. তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক সাময়িকভাবে স্থগিত করা হয়। মন্ত্রণালয়ের আদেশের বিরুদ্ধে জনাব হাসিনা বেগম মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১৮৬০/২০২০ দায়ের করেন এবং মহামান্য হাইকোর্ট বিভাগ মন্ত্রণালয় হতে জারীকৃত পত্রের কার্যক্রম স্থগিত করেন। পরবর্তীতে সরকার পক্ষ হতে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং ১২৯৬/২০২০ দায়ের করা হয় এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ সরকার পক্ষের আবেদন খারিজ করে আদেশ প্রদান করেন।

এমতাবস্থায়, মন্ত্রণালয় থেকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন;

(ক) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ১৮৬০/২০২০ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লীড টু আপীল নং ১২৯৬/২০২০ এর আদেশের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের সাবেক অধ্যক্ষ জনাব হাসিনা বেগম(মূলপদ : সহকারী অধ্যাপক, অর্থনীতি, ইনডেক্স : ০১৯০৭২) এর স্থগিত এমপিও সাময়িকভাবে চালুকরণ; (খ) যেহেতু মূল মামলা মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান সেহেতু উক্ত মামলায় সরকার পক্ষ হতে যথাযথভাবে প্রতিদ্বন্দ্বীতা করণ।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক ঢাকা মহানগরীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের সাবেক অধ্যক্ষ জনাব হাসিনা বেগম(মূলপদ : সহকারী অধ্যাপক, অর্থনীতি, ইনডেক্স : ০১৯০৭২) এর স্থগিত(Stop Payment) প্রত্যাহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক(কলেজ-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭

(মো: এনামুল হক হাওলাদার)  
উপপরিচালক(কলেজ-২)  
ফোন নং- ৯৫৫৭৬৯১

উপপরিচালক, সাধারণ প্রশাসন  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ(সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) :

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- (২) সভাপতি, গভর্নিং বডি, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা;
- (৩) অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা;
- (৪) আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- (৫) ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা;
- (৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- (৭) জনাব হাসিনা বেগম, সহকারী অধ্যাপক, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা;
- (৮) সংরক্ষণ নথি।

(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক(কলেজ-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭